ইত্তেফাক

তারিখ ... 15/7/78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...



# সর্বস্তরের জনগণের গ্রহণযোগ্য শিক্ষানীতি প্রণয়ন করিতে হইবে

## —প্রেসিডেন্ট জিয়া

(ইত্তেফাক রিপোর্ট)

প্রেসিডেন্ট জিয়াউর রহমান বলেন যে, আমাদের শিক্ষানীতি এখন হইতে এমন হইবে যাহা জনগণের কাছে গ্রহণযোগ্য হইবে। যে নীতি আমাদের দেশের মধ্যে ঐক্য লইয়া আসিতে পারিবে, আমাদের জনগণের মধ্যে সুষ্ঠু চেতনা লইয়া আসিতে পারিবে এবং অল্প সময়ের মধ্যে আমাদের উন্নতির পথে আগাইয়া লইয়া যাইতে সক্ষম হইবে, এমন শিক্ষানীতি প্রণয়ন করাই আজ অপরিহার্য।

প্রেসিডেন্ট গতকাল (বৃহস্পতিবার) সকালে জাতীয় শিক্ষা ওয়ার্কশপের উদ্বোধনী ভাষণ দিতেছিলেন। জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ জাতীয় সংসদ ভবনের ১ নম্বর কমিটি কক্ষে এই ওয়ার্কশপের আয়োজন করে। অনুষ্ঠানের শুরুতে পরিষদের সভাপতি শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ স্বাগত ভাষণ দেন।

প্রেসিডেন্ট জিয়া বলেন, আজ আমরা যে শিক্ষা সমস্যার সম্মুখীন হইয়াছি, ইহা খুবই গভীর এবং খুবই কঠিন; এই সমস্যা দুইশত বছরের পরাধীনতার ফলে সৃষ্ট। ইহার সমাধান করিতে হইলে সর্বপ্রথম আমাদের ইচ্ছা এবং সততা থাকিতে হইবে। ইচ্ছা থাকিলেই উপায় হইবে। আমাদিগকে সেই উপায়ই বাহির করিয়া লইতে হইবে। তিনি আরও বলেন, আমাদের একটি কথা মনে রাখিতে হইবে—অন্যান্য জাতি অথবা দেশ যে জিনিসের দ্বারা ধীরে ধীরে গড়িয়া উঠিতে পারে অথবা তাহাদেরকে গড়িয়া তোলা যাইতে পারে সে একই জিনিস আমাদের জন্য প্রযোজ্য নহে।

প্রেসিডেন্ট জিয়া বলেন, দুনিয়ার মধ্যে হয়তোবা আমাদের দেশটি কেবল একটি দেশ যে দেশ প্রায় দুইশত বছর ধরিয়া বিদেশী শাসনের অধীনে ছিল। তাই আজ অতীতের আলস্য ঝাড়িয়া ফেলিয়া দিয়া যথাসম্ভব অল্প সময়ের মধ্যে উন্নতি সাধন করিতে হইবে। অন্যান্য

(২য় পৃঃ দ্রঃ)